## সংবাদ বিবৃতি

## বাংলাদেশ ব্যাংকের নারী কর্মকর্তা-কর্মচারীদের পরিধেয় পোষাক বিষয়ে বৈষম্যমূলক ও সংবিধান পরিপন্থী নির্দেশনার তীব্র নিন্দা এবং এই ঘটনার সুষ্ঠু তদন্তের দাবী জানাচ্ছে এইচআরএফবি

**ঢাকা, ২৪ জুলাই ২০২৫-** বাংলাদেশ ব্যাংকে কর্মরত সকল স্তরের নারী কর্মকর্তা-কর্মচারীদের কর্মস্থলে পরিধেয় পোষাক বিষয়ে জারিকৃত নির্দেশনার ও পরবর্তীতে তা প্রত্যাহারের তীব্র নিন্দা জানাচ্ছে হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)। এইচআরএফবি মনে করে নির্দেশনাটি নারীদের প্রতি বৈষম্যমূলক এবং নারীদের ব্যক্তি, চিন্তা ও বিবেকের স্বাধীনতার প্রতি হুমকি।

পত্রিকায় প্রকাশিত সংবাদে জানা যায়, বাংলাদেশ ব্যাংকের মানবসম্পদ বিভাগ ২-এর (বেনিফিটস অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন উইং) একটি বিভাগীয় মাসিক সভার এজেন্ডা ও কার্যবিবরণীতে নিয়মিত অন্তর্ভুক্ত করার জন্য কিছু সিদ্ধান্ত গৃহীত হয়। সেসব সিদ্ধান্তের একটি হলো পোশাক নিয়ে। গৃহীত সিদ্ধান্তের ১১ (ঘ) নম্বরে বলা হয়, বাংলাদেশ ব্যাংকের সব স্তরের কর্মকর্তা-কর্মচারীদের (সি ও ডি শ্রেণিভুক্ত কর্মচারীদের নির্ধারিত পোশাক ব্যতীত) সামাজিক প্রেক্ষাপট বিবেচনায় পেশাদার ও মার্জিত পোশাক পরিধান করতে হবে। যেমন: পুরুষ কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে ফরমাল শার্ট, লম্বা হাতা বা হাফ হাতা, ফরমাল প্যান্ট, ফরমাল জুতা পরতে হবে। জিনস ও গ্যাবার্ডিন প্যান্ট পরিহার করতে হবে।

নারী কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রেও বলা হয়, শাড়ি, সালোয়ার-কামিজ ও ওড়না, অন্যান্য পেশাদার শালীন পোশাক অবশ্যই সাদামাটা এবং পেশাদার রঙের হতে হবে। ফরমাল স্যান্ডেল বা জুতা, সাদামাটা হেডস্কার্ফ বা হিজাব হতে হবে। শর্ট স্লিভ ও লেংথের ড্রেস (ছোট হাতা ও দৈর্ঘ্যের পোশাক), লেগিংস পরিহার করতে হবে।

এইচআরএফবি মনে করে নির্দেশনাটি নারীদের প্রতি অবমাননাকর। এটি বাংলাদেশের নাগরিক হিসেবে নারীদের প্রতি বৈষম্যমূলক এবং তাদের ব্যক্তি স্বাধীনতার অধিকারের লঙ্ঘন, যা সংবিধানের ২৮(১), ৩২ অনুচ্ছেদের পরিপন্থী। এছাড়াও নির্দেশনাটি সংবিধানের সকল নাগরিককে ৩৯ অনুচ্ছেদে প্রদত্ত চিন্তা ও বিবেকের স্বাধীনতার অধিকারেরও লঙ্ঘন। এই ধরনের পশ্চাৎপদ নির্দেশনা জারি ও তা পরবর্তীতে প্রত্যাহারের মাধ্যমে সরকারকে বিব্রতকর অবস্থায় ফেলায় জড়িতদের চিহ্নিত করা ও তাদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সুষ্ঠু তদন্তের দাবী জানাচ্ছে এইচআরএফবি।

**হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)**
**ঢাকা, ২৪ জুলাই ২০২৫**

**Secretariat:**
Ain o Salish Kendra (ASK)
2/16, Block-B, Lalmatia, Dhaka-1207
Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197 | HRFB Email: hrfb.20@gmail.com | Website: https://hrf-bd.org/
**Experts:**
Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy
**Forum Members:**
Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).